



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৬২৪০/১০ /ময়মনসিংহ-১২৭/

তারিখঃ ০২.০৭.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন ধুরুয়া ডি.এস দাখিল মাদ্রাসার সুপার বিধিবহির্ভূত ভাবে সুপার পদে থেকে সাময়িক বরখাস্ত ও বোর্ডের অনুমোদন ব্যতীত চূড়ান্ত বরখাস্তের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-বিগত ১১/১২/২০০৫ সাল থেকে অদ্যাবধি সুনামের সহিত প্রতিষ্ঠান পরিচালনা করে আসছেন। বিগত কমিটির সভাপতি তাকে অবৈধ কর্মকান্ড সম্পাদনের করার জন্য (যেমন মাদ্রাসার এফডিআরের টাকা লোন হিসেবে চান) চাপ প্রয়োগ করেন। সভাপতির এহেন অসৎ উদ্দেশ্য বাস্তবায়ন না করায় কমিটির অন্যান্য সদস্যবৃন্দ এবং সভাপতির যোগসাজসে তাকে সুপার পদ থেকে চূড়ান্ত বরখাস্ত করেন মর্মে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য আগামী ০৮/০৭/২০১৯ ইং রোজ সোমবার সকাল: ১০:০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৭.১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার (ভারপ্রাপ্ত)/সভাপতি, ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসা,
ডাকঘর: খামারগাঁও, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/

/ময়মনসিংহ-১২৭/

তারিখঃ .০৭.২০১৯ খ্রিঃ

অনুলিপি

- পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
- জনাব মো: তাজুল ইসলাম, (বরখাস্তকৃত), ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসা
ডাকঘর: খামারগাঁও, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।
- অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪